

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪০৩

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ স্বহস্তে উপার্জিত খাবার খাওয়া, ভিক্ষাবৃত্তি থেকে বেঁচে থাকা এবং অপরকে দান করার প্রতি উৎসাহ দেওয়া প্রসঙ্গে

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ يَا كَعْبُ بْنِ عُجْرَةَ إِنَّهُ لَنْ يَّدْخُلِ الْجَنَّةَ لَحْمُ نَبَتَ مِنْ سُحْتٍ

বাংলা

(২৪০৩) জাবের (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা কা'ব বিন উজরার উদ্দেশ্যে বললেন, হে কা'ব বিন উজরাহ! সে মাংস কোন দিন বেহেশত্ প্রবেশ করতে পারবে না, যার পুষ্টিসাধন হারাম খাদ্য দ্বারা করা হয়েছে। (দারেমী ২৭৭৬, সিলসিলাতুল আহাদিসুস সহীহা ৬/২১৪পৃ.)

হাদীসটিকে ইমাম তিরমিয়ী কা'ব বিন উজরা (রাঃ) কর্তৃক বর্ণনা করেছেন। কা'ব বলেন, আমাকে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ... হে কা'ব বিন উজরাহ! যে মাংস হারাম খাদ্য দ্বারা প্রতিপালিত হবে, তার জন্য জাহান্নামই উপযুক্ত। (সহীহ তিরমিয়ী ৫০১, বিশুদ্ধ সনদে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন